রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, জুলাই ২২, ২০১৬**

**নির্বাচন কমিশন**

**বাংলাদেশ**

**নির্বাচন কমিশন সচিবালয়**

**শেরে বাংলা নগর, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২৩৪-আইন/২০১৬।**—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ (২০০৯ সনের ৫নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা নির্বাচন কমিশন (শিক্ষানবিস কর্মকর্তাগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা এবং সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কর্ম কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **"নির্বাচন কমিশন"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(৪) **"প্রশিক্ষণ প্রতিষ্ঠান"** অর্থ নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত আবাসিক সুযোগ-সুবিধা সম্বলিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান;

(৫) **"বিভাগীয় পরীক্ষা"** অর্থ বিধি ৪ এর অধীন অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষা;

(৬) **"শিক্ষানবিস"** অর্থ নির্বাচন কমিশন এর ৯ম গ্রেডের গেজেটেড স্থায়ী শূন্য পদে প্রারম্ভিকভাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি;

(৭) **"শিক্ষানবিসকাল"** অর্থ নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর বিধি ৬ এ উল্লিখিত মেয়াদ এবং উক্ত বিধি অনুসারে বর্ধিত মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৮) **"সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা"** অর্থ বিধি ৫ এর অধীন অনুষ্ঠিত পদোন্নতি পরীক্ষা।



**মূল্য ঃ** টাকা ১৬.০০

৩। **প্রশিক্ষণ**।—(১) নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর বিধি ৬ এর উপ-বিধি (৪) এ বিধান অনুযায়ী প্রত্যেক শিক্ষানবিসকে প্রশিক্ষণ সম্পন্ন করিতে হইবে।

(২) প্রশিক্ষণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিধানাবলি প্রযোজ্য হইবে যথাঃ—

(ক) নির্বাচন কমিশন কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রত্যেক শিক্ষানবিসকে শিক্ষানবিসকালে তাহার বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করিবে এবং এইরূপ ব্যবস্থা করা হইলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করিবেন এবং সফলতার সহিত প্রশিক্ষণ সম্পন্ন করিবেন;

(খ) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণের পাঠক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে, নির্বাচন কমিশন প্রয়োজনবোধে উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসঙ্গিক পরামর্শ দিতে পারিবে;

(গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণ সমাপ্তির পর নির্বাচন কমিশনের নিকট প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট শিক্ষনবিসের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নথিতে রক্ষিত থাকিবে।

৪। **বিভাগীয় পরীক্ষা**।—(১) শিক্ষানবিসকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিল-১ এ বর্ণিত পাঠক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হইতে হইবে।

(২) বিভাগীয় পরীক্ষা কর্ম কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

(৩) বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী কোন শিক্ষানবিস সংশ্লিষ্ট পরীক্ষার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে লিখিতভাবে নির্বাচন কমিশন সচিব বরাবর তফসিল-৩ এ নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করিবেন।

(৪) নির্বাচন কমিশন পরীক্ষার বিষয় উল্লেখপূর্বক উপ-বিধি (৩) এ উল্লিখিত আবেদনকারীর নামের তালিকা কর্ম কমিশনে প্রেরণ করিবে।

৫। **সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা**।—(১) চাকরি স্থায়ীকরণসহ চাকরিকাল অন্যূন ৪ (চার) বৎসর পূর্ণ হইবার পর কোন কর্মকর্তা সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

(২) সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা কর্ম কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে এবং তফসিল-২ এ বর্ণিত পাঠক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে প্রত্যেক কর্মকর্তাকে সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় কৃতকার্য হইতে হইবে।

(৩) সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তা সংশ্লিষ্ট পরীক্ষার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে লিখিতভাবে নির্বাচন কমিশন সচিব বরাবর তফসিল-৪ এ নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করিবেন।

(৪) নির্বাচন কমিশন পরীক্ষার বিষয় উল্লেখপূর্বক উপ-বিধি (৩) এ উল্লিখিত আবেদনকারীর নামের তালিকা কর্ম কমিশনে প্রেরণ করিবে।

৬। **বিভাগীয় ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার সময়সূচি, ইত্যাদি**।—কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত সময়, তারিখ ও স্থানে প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে, বিভাগীয় পরীক্ষা এবং সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা গ্রহণ করা হইবে।

৭। **প্রশ্নপত্র প্রণয়ন, ব্যবহারিক পরীক্ষা, ইত্যাদি**।—(১) তফসিল-১ ও তফসিল-২ এ বর্ণিত প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র কর্ম কমিশন কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ দ্বারা প্রণয়ন করা হইবে।

(২) নির্বাচন কমিশন কর্তৃক কর্ম কমিশনের প্রতিনিধির উপস্থিতিতে তফসিল-২ এর তৃতীয় পত্রের ব্যবহারিক পরীক্ষা গৃহীত ও পরিচালিত হইবে।

(৩) নির্বাচন কমিশন ব্যবহারিক পরীক্ষার ফলাফল কর্ম কমিশনে প্রেরণ করিবে।

৮। **বিভাগীয় ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় পাসের নম্বর**।—(১) কোন শিক্ষানবিস কিংবা, ক্ষেত্রমত, কোন কর্মকর্তা তফসিল-১ ও তফসিল-২ এ উল্লিখিত প্রতিটি পত্রে পূর্ণ ১০০ নম্বরের মধ্যে অন্যূন ৫০ নম্বর প্রাপ্ত হইলে তাহাকে কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কর্ম কমিশন প্রত্যেক পরীক্ষার ফলাফল সরকারি গেজেটে প্রকাশ করিবে।

৯। **একাধিকবার বিভাগীয় ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার সুযোগ**।—(১) কোন শিক্ষানবিস বা ক্ষেত্রমত, কোন কর্মকর্তা বিভাগীয় কিংবা সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় তফসিল-১ ও তফসিল-২ এ উল্লিখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে প্রথমবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্র বা পত্রসমূহে অকৃতকার্য হইবেন, সেই পত্র বা পত্রসমূহ পুনরায় পরীক্ষা দেওয়ার জন্য তাহাকে একাধিকবার সুযোগ দেওয়া যাইবে।

(২) শিক্ষানবিসকাল অতিক্রান্ত হইবার পর কোন শিক্ষানবিসকে বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা যাইবে না।

(৩) কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় একই পঞ্জিকা বৎসরে দুইবার অংশগ্রহণ করিতে পারিবেন।

(৪) কোন কর্মকর্তা সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় একই পঞ্জিকা বৎসরে একবারের অধিক অংশগ্রহণ করিতে পারিবেন না।

(৫) কোন কর্মকর্তার চাকুরির মেয়াদ ১৪ (চৌদ্দ) বৎসর এবং বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর পূর্ণ হইবার পর তিনি সিনিয়র স্কেলে পদোন্নতির পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

১০। **ব্যতিক্রম**।—(১) তফসিল-২ এ বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অকৃতকার্য হইয়াছেন, কিন্তু চাকরিকাল ১৫ (পনের) বৎসর পূর্ণ হইয়াছে এমন কর্মকর্তা পদোন্নতির অন্যান্য শর্তাবলি পূরণ সাপেক্ষে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে ৩৫৫০০-৬৭০১০/- টাকার স্কেলের পদে পদোন্নতি পাইবেন।

(২) কোন কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীনে পদোন্নতি পাইলে এবং উক্ত পদোন্নতিপ্রাপ্ত পদে ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হইলে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে ৪৩০০০-৬৯৮৫০/- টাকার পদে পদোন্নতি পাইবেন এবং পরবর্তী কোন পদে পদোন্নতি যোগ্য হইবেন না।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন কোন কর্মকর্তা পদোন্নতি পাইবেন না, যদি না তাহার চাকরি সন্তোষজনক হয় এবং এতদুদ্দেশ্যে গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই কমিটি উক্ত পদোন্নতির জন্য সুপারিশ করেন।

তফসিল-১

[বিধি-৪(১), ৭(১), ৮(১) এবং ৯(১) দ্রষ্টব্য]

নির্বাচন কমিশন শিক্ষানবিসদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর : ৫০

(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;

(২) The Government Servants (Special Provisions) Ordinance, 1979 (Ordinance No. XI of 1979);

(৩) The Government Servants (Conduct) Rules, 1979;

(৪) The Bangaladesh Public Service Commission (Consultation) Regulations, 1979;

(৫) The Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ordinance No. XXXIV of 1982);

(৬) The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No.V of 1985);

(৭) The Government Servants (Discipline and Appeal) Rules, 1985;

(৮) Rules of Business, 1996 এবং Allocation of Business among the Different Ministries and Divisions;

(৯) সচিবালয় নির্দেশমালা, ২০১৪।

নির্বাচন কমিশন শিক্ষানবিসদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

দ্বিতীয় পত্র

হিসাব ও অন্যান্য প্রাসংগিক আইন (পুস্তকসহ)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর : ৫০

(১) General Financial Rules;

(২) Fundamental and Supplementary Rules;

(৩) The Prescribed Leave Rules, 1959;

(৪) The Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974);

(৫) The Public Servants (Retirement) Rules, 1975;

(৬) The General Provident Fund Rules, 1979;

(৭) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ (২০০৪ সনের ১ নং আইন);

(৮) দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫নং আইন);

(৯) Chapter II, Accounts Code সাধারণ ধারণা;

(১০) Bangladesh Service Rules, Part I & II;

(১১) Treasury Rules and Subsidiary Rules, Part I, II and III;

(১২) বাজেট প্রস্তুতকরণ;

(১৩) আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers) ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ (Sub-Delegation of Financial Powers) সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের বিভিন্ন স্মারক;

(১৪) নির্বাচন কমিশন সচিবালয় এর কর্মকর্তাগণের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা সংক্রান্ত বিভিন্ন স্মারক;

(১৫) নির্বাচন কমিশনের জমির রেকর্ড সংরক্ষণ;

(১৬) জরীপ/নামজারিকরণ, ভূমি উন্নয়নকর পরিশোধ ইত্যাদি বিষয়ক বিধি-বিধানসমূহ।

নির্বাচন কমিশন শিক্ষানবিসদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

তৃতীয় পত্র

নির্বাচন ও নির্বাচন পরিচালনা, ভোটার তালিকা প্রণয়ন ও জাতীয় পরিচয় নিবন্ধন সংক্রান্ত আইন-বিধিমালা এবং নির্বাচনি দ্রব্যাদি

(পুস্তক ব্যতীত)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর : ৫০

১। জাতীয় সংসদ নির্বাচন সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানসমূহ:—

(ক) The Representation of the People's Order, 1972 (President's Order No. 155 of 1972);

(খ) নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮;

(গ) সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮;

(ঘ) রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮;

(ঙ) নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩নং আইন);

(চ) নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা, ২০১০।

২। ভোটার তালিকা এবং জাতীয় পরিচয় নিবন্ধন সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানসমূহ:—

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন);

(খ) জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩নং আইন);

(গ) ভোটার তালিকা বিধিমালা, ২০১২;

(ঘ) জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪;

(ঙ) জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই ও সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪।

৩। নির্বাচন কমিশনের প্রশাসনিক আইন ও বিধি-বিধানসমূহ:—

(ক) নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ (২০০৯ সনের ৫নং আইন);

(খ) নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮;

(গ) নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০।

তফসিল-২

[ বিধি-৫(২), ৭(১), ৭(২), ৮(১), ৯(১), এবং ১০(১) দ্রষ্টব্য]

নির্বাচন কমিশন কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার পাঠক্রম

প্রথম পত্র

বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়ক

সময়: ৩ ঘন্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর: ৫০

**অংশ-১: বাংলাদেশ বিষয়ক**

(১) বাংলাদেশের ইতিহাস ও রাজনীতি;

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;

(ক) নির্বাহী বিভাগ;

(খ) আইনসভা;

(গ) বিচার বিভাগ;

(৩) বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসন;

(৪) Rules of Business, 1996;

(৫) জনপ্রশাসন ও সরকারি কর্মকর্তাবৃন্দ;

(৬) জেলা ও উপজেলা প্রশাসন;

(৭) স্থানীয় সরকার পরিষদঃ ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের গঠন, কার্যপ্রণালী ও নির্বাচন এবং সরকারের সাথে এইগুলির সংযোগ;

(৮) ক্যান্টনমেন্ট বোর্ড সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি-বিধান;

(৯) সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহ এবং তাহাদের কার্যাবলি;

(১০) নির্বাচন কমিশন এবং নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়;

(১১) নির্বাচন কমিশনের কার্যাবলির সাথে জেলা ও উপজেলা প্রশাসনের সমন্বয়।

**অংশ-২: আন্তর্জাতিক বিষয়ক**

(১) জাতিসংঘ ও তার অঙ্গাসংস্থা;

(২) আঞ্চলিক সংস্থা- সার্ক, আসিয়ান, ইইউ, ওআইসি;

(৩) নির্বাচন সংক্রান্ত আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা-ফেমবোসা, আইএফইএস, এনফ্রেল, ওএসসিই;

(৪) শাসন ব্যবস্থা ও নির্বাচনি প্রক্রিয়ায় বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রেক্ষাপট এবং সাদৃশ্য-বৈসাদৃশ্য (দক্ষিণ এশীয় দেশসমূহ, যুক্তরাষ্ট্র ও ইউরোপিয় ইউনিয়নভুক্ত দেশসমূহ);

(৫) আন্তর্জাতিক ও আঞ্চলিক আর্থিক প্রতিষ্ঠান-বিশ্ব ব্যাংক, আইএমএফ, এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাংক, আইডিবি;

(৬) বিভিন্ন উন্নয়ন অংশীদারী-ইউএনডিপি, ইউএসএআইডি (USAID), ইউকেএআইডি (UKAID) সিডা, ডেনিডা ইত্যাদি।

নির্বাচন কমিশন কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার পাঠক্রম

দ্বিতীয় পত্র

সাধারণ আইন, বিধি ও পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা ও কৌশলগত পরিকল্পনা

সময়: ৩ ঘন্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর: ৫০

**অংশ-১: বিচার ব্যবস্থা এবং প্রশাসনিক, চাকরি ও বিবিধ বিষয়ক আইন-বিধিমালা**

(১) The Penal Code, 1860 (Act No. XLV of 1860) (নির্বাচন সংশ্লিষ্ট বিধান);

(২) The Government Servants (Conduct) Rules, 1979;

(৩) The Administrative Tribunals Act, 1980 (Act No. VII of 1980);

(৪) The Administrative Tribunals Rules, 1982;

(৫) The Government Servants (Disciplime and Appeal) Rules, 1985;

(৬) দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন);

(৭) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন);

(৮) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮;

(৯) তথ্য অধিকার আইন, ২০০৯ (২০০৯ সনের ২০ নং আইন);

(১০) মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন)।

**অংশ-২: আর্থিক ব্যবস্থাপনা এবং কৌশলগত পরিকল্পনা**

(১) বার্ষিক বাজেট প্রস্তুতকরণ;

(২) নথি ব্যবস্থাপনা এবং নথি ও রেকর্ড বিনষ্টকরণ;

(৩) বার্ষিক অর্থ অবমুক্তকরণ;

(৪) আয়ন ও ব্যয়ন কর্মকর্তাদের কর্তব্য ও দায়িত্ব;

(৫) অফিস ব্যবস্থাপনা;

(৬) সভা পরিচালনা, কার্যপত্র ও কার্যবিবরণী প্রস্তুতকরণ;

(৭) অডিট আপত্তি ও নিষ্পত্তির পদ্ধতিসমূহ;

(৮) অর্থ বিল;

(৯) সংযুক্ত তহবিল এবং সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত তহবিল;

(১০) নির্বাচন কমিশন সচিবালয় এর কর্মকর্তাগণের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা সংক্রান্ত বিভিন্ন স্মারক;

(১১) নির্বাচন কমিশনের কৌশলগত পরিকল্পনা;

(১২) নির্বাচন কমিশনের দ্বি-বার্ষিক ও পঞ্চবার্ষিক কর্ম পরিকল্পনা।

নির্বাচন কমিশন কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার পাঠক্রম

তৃতীয় পত্র

নির্বাচন সংক্রান্ত আইন, পদ্ধতি ও ব্যবস্থাপনা এবং আইসিটি ও কম্পিউটার অ্যাপ্লিকেশন

**অংশ-১: নির্বাচন সংক্রান্ত আইন, পদ্ধতি ও ব্যবস্থাপনা**

সময়: ২ ঘন্টা

পূর্ণ নম্বর: ৬০

পাস নম্বর: ৩০

১। নির্বাচন পরিচালনা সংক্রান্ত আইন-বিধিমালা:—

(ক) The Representation of The People's Order, 1972 (President's Order No. 155 of 1972);

(খ) নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮;

(গ) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার (পৌরসভা), স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) ও উপজেলা পরিষদ নির্বাচনের আইন ও বিধিমালা;

(ঘ) বিভিন্ন নির্বাচনের আচরণ বিধিমালা;

(ঙ) বিভিন্ন নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা।

২। ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত আইন-বিধিমালা:—

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন);

(খ) জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন);

(গ) ভোটার তালিকা বিধিমালা, ২০১২;

(ঘ) জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪;

(ঙ) জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪।

৩। নির্বাচন পরিচালনা ও প্রশাসন সংক্রান্ত:—

(ক) নির্বাচনপূর্ব ও প্রস্তুতিমূলক প্রধান কার্যাদি;

(খ) রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব ও কার্যাবলি;

(গ) ভোটকেন্দ্র ব্যবস্থাপনা;

(ঘ) নির্বাচনি দ্রব্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা;

(ঙ) ভোট গ্রহণ প্রক্রিয়া;

(চ) ফলাফল সংগ্রহ, প্রচার ও প্রকাশ।

৪। নির্বাচন ব্যবস্থাপনায় ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) প্রয়োগ।

**অংশ-২: আইসিটি ও কম্পিউটার অ্যাপ্লিকেশন**

**(ব্যবহারিক)**

সময়: ১ ঘন্টা

পূর্ণ নম্বর: ৪০

পাস নম্বর: ২০

(১) কম্পিউটার অপারেটিং সিস্টেম: উইন্ডোজ;

(২) এমএস ওয়ার্ড / ওপেন অফিস রাইটার;

(৩) দলিলাদি প্রস্তুতকরণ, সম্পাদনা, সংরক্ষণ, ফরম্যাটিং ও টুল মেনু ব্যবহার;

(৪) টেবিল ফরম্যাটিং, পেজ সেটআপ, প্রিভিউ ও মুদ্রণ;

(৫) এমএস এক্সেল / ওপেন অফিস ক্যাল্ক;

(৬) এমএস পাওয়ার পয়েন্ট / ওপেন অফিস ইম্প্রেস: স্লাইড প্রস্তুতকরণ, ফরম্যাটিং, এ্যানিমেশন ও উপস্থাপন;

(৭) ইন্টারনেট, ইন্ট্রানেট ও ই-মেইল;

(৮) এনআইডি ভেরিফিকেশন সিস্টেম।

দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।

তফসিল-৩

[ বিধি-৪(৩) দ্রষ্টব্য ]

নির্বাচন কমিশন শিক্ষানবিসদের বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র

বরাবর
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

বিষয়ঃ বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র।

মহোদয়,

.............সালের................মাসে অনুষ্ঠিতব্য বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী হিসাবে নিম্নে আমার বিবরণ প্রদান করিলামঃ

০১। পরীক্ষার্থীর নাম :

০২। পিতা/স্বামীর নাম :

০৩। মাতার নাম :

০৪। জন্ম তারিখ :

০৫। বর্তমান পদবি ও ঠিকানা :

০৬। চাকরিতে যোগদানের তারিখ :

০৭। প্রশিক্ষণের সময় কাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম (প্রশিক্ষণ সম্পন্ন না করিলে তাহা উল্লেখ করিতে হইবে)। :

০৮। ইতোপূর্বে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের বিবরণ (পরীক্ষার নাম, রোল নম্বর ও পরীক্ষা শুরুর তারিখ) :

০৯। প্রার্থী ইতোপূর্বে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় যেই সকল বিষয়ে/পত্রে অকৃতকার্য হইয়াছেন সেই সকল বিষয়ের/পত্রের নাম, রোল নম্বর ও পরীক্ষা শুরুর তারিখ :

১০। প্রার্থী যেই যেই বিষয়ে/পত্রে কৃতকার্য হইয়াছেন সেই সকল বিষয়ের/পত্রের নাম, রোল নম্বর ও পরীক্ষা শুরুর তারিখ :

১১। যেই বিষয়ে কিংবা যেই সকল বিষয়ের/পত্রের পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয়/পত্রের নাম। :

আপনার অনুগত,
পরীক্ষার্থীর স্বাক্ষর ও সিল

আবেদনকারীর উর্ধ্বতন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মন্তব্য/সুপারিশ:

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর এবং পূর্ণনাম ও পদবি সম্বলিত সিলমোহর

[বিঃ দ্রঃ কোন প্রকার ভুল বা ত্রুটিপূর্ণ তথ্য সরবরাহের জন্য আবেদনকারী দায়ী থাকিবেন এবং পরীক্ষার জন্য অযোগ্য বিবেচিত হইবেন।]

তফসিল-৪
[ বিধি-৫(৩) দ্রষ্টব্য ]

| দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে। |
|---|

নির্বাচন কমিশন কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র

বরাবর
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।
বিষয়ঃ সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার আবেদনপত্র।
মহোদয়,

.............সালের................মাসে অনুষ্ঠিতব্য সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী হিসাবে নিম্নে আমার বিবরণ প্রদান করিলামঃ

০১। পরীক্ষার্থীর নাম :
০২। পিতা/স্বামীর নাম :
০৩। মাতার নাম :
০৪। জন্ম তারিখ :
০৫। বর্তমান পদবি ও ঠিকানা :
০৬। চাকরিতে যোগদানের তারিখ :
০৭। ইতোপূর্বে অনুষ্ঠিত সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের বিবরণ (পরীক্ষার নাম, রোল নম্বর ও পরীক্ষা শুরুর তারিখ) :
০৮। ইতোপূর্বে অনুষ্ঠিত সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় যেই সকল বিষয়ে / পত্রে অকৃতকার্য হইয়াছেন সেই সকল বিষয়ের/ পত্রের নাম, রোল নম্বর ও পরীক্ষা শুরুর তারিখ) :
০৯। প্রার্থী যেই যেই বিষয়ে/পত্রে কৃতকার্য হইয়াছেন সেই সকল বিষয়ের/পত্রের নাম, রোল নম্বর ও পরীক্ষা শুরুর তারিখ :
১০। যেই বিষয়ে কিংবা যেই সকল বিষয়ের/পত্রের পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয়/পত্রের নাম :
১১। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ও তারিখ এবং বাংলাদেশ গেজেটের তারিখ ও পৃষ্ঠা নম্বর :

আপনার অনুগত,
পরীক্ষার্থীর স্বাক্ষর ও সিল

আবেদনকারীর উর্ধ্বতন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মন্তব্য/সুপারিশ:

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর এবং পূর্ণনাম ও পদবি সম্বলিত সিলমোহর

[বিঃ দ্রঃ কোন প্রকার ভুল বা ত্রুটিপূর্ণ তথ্য সরবরাহের জন্য আবেদনকারী দায়ী থাকিবেন এবং পরীক্ষার জন্য অযোগ্য বিবেচিত হইবেন।]

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সিরাজুল ইসলাম**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd